বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি।

বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
সভার তারিখ	১৯ অক্টোবর ২০২২
সভার সময়	১০:০০ ঘটিকা।
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)।

গত ১৯ অক্টোবর ২০২২ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভা কমিটির সভাপতি মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টার (অক্টোবর - ডিসেম্বর, ২০২২) এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-সহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন (উপস্থিতির তালিকা)। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

১.০ আলোচনা :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম কোয়ার্টার (জুলাই - সেপ্টেম্বর, ২০২২) এর বাস্তবায়ন প্রতিবেদন ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ার আশা করা যাচ্ছে। ১ম কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারে (অক্টোবর - ডিসেম্বর, ২০২২) 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্বিষয়ে সভায় বিষদ আলোচনা হয়। উপস্থিত কমিটির সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত গৃহিত হয় যে, অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাটি ডিসেম্বর-২০২২ মাসের সুবিধাজনক সময়ে আয়োজন করা যেতে পারে।

১.৩। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারে ২০ জন জনবল-

কে ‘শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ’ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে বলে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ বিল্লাল হোসেন, উপ-মহাব্যবস্থাপক(মানবসম্পদ) এর পক্ষে সভায় উপস্থিত জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক(প্রশিক্ষণ) জানান যে, মানবসম্পদ বিভাগ কর্তৃক বর্ণিত প্রশিক্ষণটি নভেম্বর-২০২২ মাসে বাস্তবায়ন করা হবে।

১.৪। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রত্যেক কোয়ার্টারে ‘সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ’ এর বিষয়টি উল্লেখ আছে। এ বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কর্মকর্তাদের পিআরএল সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্ট্রারে সংরক্ষণ করা হচ্ছে, যা ইতোমধ্যে ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে।

১.৫। কমিটির সদস্য-সচিব কর্তৃক সভাকে এই মর্মে অবহিত করা হয় যে, চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ওয়াল ক্যালেন্ডার তৈরী ও বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভায় উপস্থিত সকলেই বিষয়টির উপর আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। পরবর্তীতে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে কোম্পানি ও এনআইএস এর মনোগ্রাম এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ২০২৩ সালের ওয়াল ক্যালেন্ডার তৈরী ও বিতরণের বিষয়ে সকলে অভিমত ব্যক্ত করেন :

ক)	জনাব এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- আহবায়ক
খ)	জনাব মোঃ আসাদুল ইসলাম ব্যবস্থাপক (স্টোর একাউন্টস্), হিসাব বিভাগ বিজিএফসিএল।	- সদস্য
গ)	জনাব মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- সদস্য-সচিব

১.৬। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারে গাড়ীর লগবই পরীক্ষণ এর বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, উপ-মহাব্যবস্থাপক(ট্রান্সপোর্ট) সভাকে জানান যে, গাড়ীর লগ বই যথাযথভাবে মেইনটেইন করা হচ্ছে। সভাপতি কোন গাড়ি Handover/Takeover এর ক্ষেত্রে Inventory সংক্রান্ত তথ্যসহ গাড়ীর টায়ার বা বড় ধরনের যন্ত্রাংশ পরিবর্তনের তথ্য Dispatch Note (DN) এ উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন।

১.৭। নৈতিকতা কমিটির সদস্য-সচিব সভাকে আরো জাান যে, চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারে ‘কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি’ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ

আশরাফুল আলম, উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং)-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করা হবে।

২.০। **সিদ্ধান্ত :**

২.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) অংশীজন (Stakeholders) এর অংশগ্রহণে সভা আগামী ডিসেম্বর-২০২২ মাসে আয়োজন করতে হবে।

২.২। হিউম্যান রিসোর্সেস বিভাগ বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় ২য় কোয়ার্টারের নভেম্বর-মাসে ন্যুনতম ২০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

২.৩। 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর কাজটি ১ম কোয়ার্টারের ন্যায় ২য় কোয়ার্টারেও অব্যাহত রাখতে হবে এবং এর কপি ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে প্রদান করবে।

২.৪। নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে কোম্পানি ও এনআইএস মনোগ্রাম এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ২০২৩ সালের ওয়াল ক্যালেন্ডার তৈরী ও বিতরণ করতে হবে :

ক)	জনাব এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- আহবায়ক
খ)	জনাব মোঃ আসাদুল ইসলাম ব্যবস্থাপক (স্টোর একাউন্টস্), হিসাব বিভাগ বিজিএফসিএল।	- সদস্য
গ)	জনাব মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- সদস্য-সচিব

২.৫। ট্রান্সপোর্ট বিভাগ চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারে গাড়ীর লগবই পরীক্ষণ এর কাজটি যথাযথভাবে সম্পন্ন করে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

২.৬। কনডেনসেট প্রসেসিং বিভাগ চলতি অর্থবছরের ২য় কোয়ার্টারে কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.২২

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল।
৪) উপ-মহাব্যবস্থাপক (সিভিল), বিজিএফসিএল।
৫) উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল।
৬) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিএফসিএল।
৭) উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল।
৮) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ,বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।